গত ২৬ শে এপ্রিল, ১৯৮০ ইং তারিখে বেলা ১০০-০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার গৃহীত কার্য্যাবলী ।

| | | | |
|---|---|---|---|
| ১। | কর্ণেল মোহাম্মদ মতিয়ুর রহমান, বি,পি,<br>ষ্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস । | - সভাপতি | - উপস্থিত । |
| ২। | কর্ণেল এম, নুরুল হক, এস ই এম ও,<br>সি.এম এইচ, ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৩। | উইং কমান্ডার এম হামিদুল ইসলাম,<br>ও সি, এ্যাডমিন বাংলাদেশ বিমান বাহিনী,<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৪। | লে: কর্ণেল মোহাম্মদ লোকমান মিয়া,<br>সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৫। | ই, কমান্ডার এম এ এইচ মিয়া, বি এন<br>বি এন এস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৬। | অবসর প্রাপ্ত মেজর এ সি দেব<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৭। | অবসর প্রাপ্ত মেজর এম এ বাসেত<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ৮। | জনাব কিউ জি গাউস,<br>৭১ সেনানিবাস আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ৯। | জনাব এ, বি, চৌধুরী, সি, ই, ও,<br>ঢাকা সেনানিবাস । | - সচিব | - উপস্থিত । |

১। সেনানিবাস পর্ষদের ৫ই এপ্রিল, ১৯৮০ তারিখের গৃহীত প্রস্তাবাবলীর উপর যে কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করা হইয়াছে সে সম্পর্কে অবহিত হওয়া ।

গৃহীত প্রস্তাব :- (অ) এস ই এম ও সাহেব সভায় অনুপস্থিত থাকার দরুন বিষয়টি প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া গেল না ।

(আ) সেনানিবাস এলাকায় পয়: প্রনালী ও পানি নিস্কাশনের পূর্ব সিদ্ধান্তানুযায়ী ত্বড়িৎ ব্যবস্থা নেওয়া হউক ।

(ই) পর্ষদ অত্যন্ত দু:খের সহিত লক্ষ করিয়াছেন যে, আনোয়ার বালিকা বিদ্যালয়ের অধ্যক্ষাকে সাময়িক বরখাস্ত করার সুনির্দিষ্ট প্রস্তাব থাকা সত্বেও এবং উক্ত প্রস্তাবটি বিবেচনা করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন পরিদপ্তরের প্রেরণ করা সত্বেও অদ্যাবধি কোন কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করা হয় নাই । স্কুলের একটি বিরাট অংকের তহবিল তছরুপ করা হয়েছে এবং অধ্যক্ষা প্রতিষ্ঠানের সর্বোচ্চ কর্মচারী হিসাবে সর্ব্বোত ভাবে দায়ি থাকা সত্বেও উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক এই ব্যাপারে অধ্যক্ষার বিরোদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন বিলম্বিত হইতেছে ।

২। মাসিক আয় ও ব্যয়ের হিসাব :

মার্চ, ১৯৮০ ইং তারিখের মাসিক আয় ও ব্যয়ের হিসাব অবগত হওয়া ।

গৃহীত প্রস্তাব :- অবগত হওয়া গেল । পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সদস্যগণ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব অবলোকন করিবেন ।

। মাসিক স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণ :
=====================

মার্চ, ১৯৮০ ইং তারিখ মাসের স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণ অবগত হওয়া ।

গৃহীত প্রস্তাব :- আগামী সভায় উপস্থাপন করা হউক ।

৪। সেনা বাহিনী কল্যান প্রকল্প পরিচালনার্থে মহাখালী এলাকায় বিপণী কেন্দ্র সহ সিনেমা হল নির্মাণ
===================================================

সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন পরিদপ্তরের ১৯-৩-৮০ তারিখের ৬/এমএলএন্ডসি/এমইও/২৫৮/০২ নং পত্রের বিষয়বস্তু বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- বোর্ডের মহাখালীস্থ বাজার এলাকার সম্পত্তির ক্ষতি পূরণ স্বরূপ ১ হইতে ১২ নং প্লট গুলি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রনে ন্যাস্ত করার সিদ্ধান্ত বিধায় মহাখালী এলাকার ১,৬৩ নং প্লট গুলি সেনানিবাস পর্ষদ ও সেনা বাহিনী কর্তৃক যৌথ ভাবে বাণিজ্যিক প্রকল্প হিসাবে ব্যবহার এবং অবশিষ্ট প্লট গুলি একক ভাবে ক্যান্টনমেন্ট বোর্ড নিজস্ব বাণিজ্যিক নিয়ন্ত্রনে রাখার জন্য প্লট গুলিকে পুনঃ শ্রেনী ( বাজার এলাকা ) বিন্যাস করার ব্যবস্থা নেওয়া হউক ।

৫। বি এন শাহমিদা বিদ্যালয়ে ৬ষ্ট শ্রেনী খোলার অনুমতি ।
==================================

অত্র পর্ষদ কর্তৃক পরিচালিত বি এন শাহমিদা ক্যান্ট প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষিকার ১-২-৮০ তারিখের ও ওয়েলফেয়ার ডাইরেক্টরেট , নেভাল হেডকোয়ার্টার্সের ১৯-২-৮০ তারিখের পত্র বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- নৌ-বাহিনীর প্রতিনিধির অনুপস্থিতির দরুন বিষয়টির উপর আলোচনা স্থগিত রাখা হয় ।

৬। ডি ও এইচ এস এলাকার মহিলা সমিতি :
========================

অত্র সেনানিবাস এলাকার অন্তর্ভুক্ত ডি ও এইচ এস এলাকার মহিলা সমিতির প্রেসিডেন্ট সাহেবের ২২-২-৮০ তারিখের আবেদন পত্র বিবেচনার জন্য উপস্থাপন করা গেল ।

গৃহীত প্রস্তাব :- বিবেচনা করা গেল । সমস্ত দিক পর্য্যালোচনা করে বর্তমান পরিস্থিতিতে মহিলা সমিতি কর্তৃক চালিত বিদ্যালয়টি শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে রুপান্তরিত করা যাইবে না । কিন্তু সাময়িক ভাবে শুধু সেনানিবাস এলাকার গণশিক্ষা কেন্দ্র হিসাবে ব্যবহার করা যাইতে পারে ।

৭। নার্সিং ট্রেনিং-সেনানিবাস জেনারেল হাসপাতাল ।
==============================

অত্র সেনানিবাস পর্ষদের নিয়ন্ত্রনাধীন পরিচালিত জেনারেল হাসপাতালের নার্সিং এর আলোকে হাসপাতালের প্রধান চিকিৎসকের ২৯-১-৮০ তারিখের পত্র বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- বিভিন্ন দিক পর্য্যালোচনা করিয়া হাসপাতালের অদ্যাবধি সমস্ত কার্যক্রম পরীক্ষার আলোকে ভবিষ্যতে সুস্থ্য ব্যবস্থাপনার নিমিত্তে সংবিধান প্রনয়ন করার জন্য সি এম এইচ'র অধিনায়কের সভাপতিত্তাধিনে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করা গেল :-

(১) সি, ও, সি এম এইচ - সভাপতি ।

(২) জনাব কিউ জি গাউস - সদস্য<br>সদস্য ক্যান্টনমেন্ট বোর্ড,<br>ঢাকা ।

(৩) অবসর প্রাপ্ত মেজর এ সি দেব-সদস্য<br>সদস্য ক্যান্ট বোর্ড, ঢাকা ।

৪) মিঃ এস এইচ কবির - সচিব<br>সি এম ও, ঢাকা ক্যান্ট

উক্ত কমিটি ১ (এক) মাসের মধ্যেই হাসপাতালের সংবিধান ও একটি প্রতিবেদন বোর্ডের পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হউক ।

৮। মূল্যানুমান/দরপত্র বিবেচনা করা ।

নিম্নলিখিত কাজের মূল্যানুমান/দরপত্র বিবেচনা করা :

(ক) ইব্রাহিম পুর এলাকার রাস্তা মেরামত করা ।

(খ) কাফরুল (দক্ষিন) এলাকার যোগাযোগ রাস্তা মেরামত ।

(গ) কনজারভেন্সী ট্রাকের টায়ার ক্রয় ।

গৃহীত প্রস্তাব :- ক ও খ পরবর্তী সভায় আলোচনার জন্য পেশ করা হউক ।
গ অনুমোদন করা গেল ।

৯। অকেজো মালামাল নিলাম :

নিম্নলিখিত অকেজো মালামাল নিলাম অনুমোদন/নিয়মিত করণের জন্য প্রয়োজনীয় কাগজ পত্র উপস্থাপন করা গেল :

(ক) স্টোরের অকেজো মালামাল নিলাম ।

(খ) কচুক্ষেত নুতন বাজারের মালামাল নিলাম ।

গৃহীত প্রস্তাব :- ক ও খ অনুমোদন করা গেল ।

১০। শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয় ।

শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করা ।

গৃহীত প্রস্তাব :- পর্যালোচনা করা হইল ।

১১। ক্যান্ট নুতন বাজারে দোকান বরাদ্দ করণ ।

সেনানিবাস পর্ষদের নিয়ন্ত্রনাধীন কচুক্ষেত নতুন বাজারে জায়গা বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয় বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- সভাপতি সাহেব বোর্ডের সদস্য সমন্বয়ে আগামী ৩রা মে, ১৯৮০ ইং সকাল ৯-০০ ঘটিকার সময় কচুক্ষেত বাজার এলাকা পরিদর্শন করিবেন এবং এই বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত-এর জন্য কার্য্যক্রম গ্রহন করিবেন ।

১২। রিকসা লাইসেন্স

সেনানিবাস পর্ষদ কর্তৃক সেনানিবাস এলাকার মধ্যে চালিত রিকসার লাইসেন্স প্রদানের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্র বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- অনুমোদন করা গেল। সেনানিবাস এলাকায় রিকসা চলাচলের অস্থায়ী পারমিট প্রদানের নিমিত্তে নিম্ন বর্ণিত হার অনুযায়ী সনদ পত্র আগামী আর্থিক ১৯৮০-৮১ সনের জন্য প্রদান করা হউক ।

(১) রিকসা মালিক - ১০০/= টাকা হিসাবে।

(২) রিকসা চালক - ১৫/= ,,

১৩। গোলাপের মালীর পদ সিনিয়র মালী হিসাবে রুপান্তর ও ২৫/= টাকা বিশেষ ভাতা মঞ্জুর করার বিষয় বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- মো: গিয়াস উদ্দিনকে সিনিয়র মালী হিসাবে মাসিক ২৫/= টাকা বিশেষ ভাতা অনুমোদন করা গেল ।

১৪। কচুক্ষেত বাজারের স্থায়ী ভাবে বৈদ্যুতিক করণের ব্যবস্থার মূল্যানুমান বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :-বিভিন্ন জায়গা হইতে পাওয়া পুরাতন পোল গুলির প্রয়োজনীয় মেরামত করিয়া এই কাজ প্রয়োজনীয় সর্ব নিম্ন অংকের মধ্যে সমাধা করা হউক ।

১৫। সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন পরিদপ্তরের ৭/এমএলএন্ড সি/ঢাকা/১০৩/২৩ নং তাং-১০-৪-১৯৮০ ইং পত্র বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :-কচুক্ষেত বাজার এলাকার বিপনী কেন্দ্র-এর সঠিক পরিকল্পনা নকসা করা সংগে সংগেই ইহার উপর প্রয়োজনীয় কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করা হইবে।

১৬। সেনানিবাস বর্দ্ধিত এলাকার আরজত পাড়া এলাকাবাসীর রাস্তার জন্য আবেদন বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- অনুমোদন করা গেল । এ ব্যাপারে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হউক ।

( এ, বি, চৌধুরী )
সচিব,
সেনানিবাস পর্ষদ, ঢাকা সেনানিবাস ।

তারিখ :-২৬-৪-১৯৮০ ইং।

( কর্ণেল মোহাম্মদ মতিয়ুর রহমান, বি পি )
সভাপতি,
সেনানিবাস পর্ষদ, ঢাকা সেনানিবাস ।

তারিখ :- ২৬-৪-১৯৮০ ইং ।